

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪৪৮৭

ধর্মনগর, ০৬, জানুয়ারি, ২০২৪

উত্তর ত্রিপুরা জেলাভিত্তিক অদ্বৈত মল্লবর্মণের ১১০তম জন্মজয়ন্তী

কথা সাহিত্যিক অদ্বৈত মল্লবর্মণের ১১০তম জন্মজয়ন্তী উত্তর ত্রিপুরা জেলায় গত ৩ জানুয়ারি উদযাপন করা হয়েছে। এই উপলক্ষে ধর্মনগরের কদমতলা দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ের মাঠে জেলাভিত্তিক অনুষ্ঠানের আয়োজন করা হয়। উত্তর ত্রিপুরা জেলা কল্যাণ আধিকারিকের কার্যালয়ের উদ্যোগে আয়োজিত এই অনুষ্ঠানের উদ্বোধন করেন উত্তর ত্রিপুরা জিলা পরিষদের সভাপতি ভবতোষ দাস। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন উত্তর ত্রিপুরা জিলা পরিষদের সদস্য দিলীপ বর্ধন, সদস্য গৌরমনি নমঃ, সমাজসেবী পরিমল দাস প্রমুখ। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন উত্তর ত্রিপুরা জেলার অতিরিক্ত জেলাশাসক ও সমাহর্তা সজল বিশ্বাস। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন কদমতলা পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান সুব্রত দেব। অনুষ্ঠানে উদ্বোধনী সংগীত পরিবেশন করেন তথ্য ও সংস্কৃতি দপ্তরের শিল্পীগণ। এই জন্মজয়ন্তী উপলক্ষে উত্তর ত্রিপুরা জেলার বিভিন্ন বিদ্যালয়ের ছাত্রছাত্রীদের মধ্যে রচনা প্রতিযোগিতা ও অঙ্কন প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। এই দু'টি প্রতিযোগিতায় প্রথম, দ্বিতীয় ও তৃতীয় স্থানাধিকারীদের পুরস্কৃত করা হয়। এছাড়া আয়োজিত হয় বর্ণাঢ্য সাংস্কৃতিক অনুষ্ঠান।
